

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ৪৬৯ শিক্ষকের ৯৩ জনই ছুটিতে

খতিসিবি, জাবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৪৬৯ জন শিক্ষকের মধ্যে ৯৩ জনই শিক্ষা ছুটিতে রয়েছেন। বিশ্ববিদ্যালয়ে বর্তমানে কর্মরত শিক্ষক রয়েছেন মাত্র ৩৬৬ জন। এতে বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক শিক্ষাদানসহ গবেষণা কার্যক্রম বাস্তব হতে পারে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২৬টি বিভাগে প্রায় ৯ হাজার অধ্যয়নরত শিক্ষার্থীর জন্য শিক্ষক ৪৬৯ জন রয়েছেন। এদের মধ্যে বিভিন্ন বিভাগে ৯৩ জন শিক্ষক শিক্ষা ছুটি জোগ করছেন। এ হিসেবে বর্তমানে এক পঞ্চমাংশ শিক্ষক ছুটিতে রয়েছেন। ফলে জাবিতে শিক্ষার্থী অনুপাতে শিক্ষকের সংখ্যা উৎসাহজনকভাবে কমে গেছে। অন্যদিকে ছুটিতে থাকা শিক্ষকদের বেতন ও অন্যান্য সুযোগ সুবিধা বাবদ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রতি বছর কোটি টাকার বেশি ব্যয় করতে হচ্ছে। বিশ্ববিদ্যালয়ে ৪টি অনুষদে ২৬টি বিভাগ রয়েছে। এর মধ্যে দর্শন বিভাগে ২১ জন শিক্ষকের ৬ জন, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ১৩ জনের মধ্যে ৫ জন, অর্থনীতি বিভাগে ২১ জনের মধ্যে ৬ জন, জুডিসিয়াল বিজ্ঞান বিভাগে ১৪ জনের মধ্যে ৫ জন, নাটক ও নাটকীয় বিভাগে ১২ জনের মধ্যে ৩ জন,

রসায়ন বিভাগে ২৮ জনের মধ্যে ৪ জন, প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগে ১৩ জনের মধ্যে ৪ জন সরকার ও রাজনীতি বিভাগে ২১ জনের মধ্যে ৩ জন শিক্ষক ছুটিতে রয়েছেন।

কম্পিউটার বিজ্ঞান বিভাগে ২২ জনের মধ্যে ১০ জন, ব্যকসায়ন প্রশাসন বিভাগে ২০ জনের মধ্যে ৭ জন, উদ্ভিদ বিজ্ঞান বিভাগে ২০ জনের মধ্যে ৭ জন এবং মাইক্রোবায়োলজি বিভাগে ৪ জন শিক্ষকের মধ্যে ১ জন শিক্ষক ছুটিতে রয়েছেন। বিশ্ববিদ্যালয়ের ২৬টি বিভাগের মধ্যে ২৩টি বিভাগেরই দুই বা ততোধিক শিক্ষক ছুটিতে রয়েছেন। ছুটিতে থাকা এসব শিক্ষকের মধ্যে ১৪ জন অধ্যাপক।

অনুমুদ্যানে জানা গেছে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৯৩ জন শিক্ষক এক সঙ্গে ছুটিতে থাকায় এর বিরূপ প্রভাব পড়ছে শিক্ষার্থী ও শিক্ষার স্বাভাবিক গতির ওপর। এত অধিক সংখ্যক শিক্ষকের অনুপস্থিতিতে শিক্ষা গবেষণা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে বিজ্ঞানের শিক্ষার্থীরা। বিভিন্ন বিভাগের প্রথম দ্বিতীয় বা তৃতীয় বর্ষের শিক্ষার্থীরা জানায়, নিজ নিজ বিভাগের অনেক শিক্ষককে তারা দেখেননি। কোন কোন শিক্ষকের নাম ও তাদের জানা নেই।